

২০১৫

বাংলা

পঞ্চম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

৪নং প্রশ্নসহ আরো দুইটি প্রশ্নের উত্তর দাও।

১। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে 'পরিশিষ্ট' অংশের প্রাসঙ্গিকতা বিচার করো।

১৬

অথবা

'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের রোহিনী চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

২। 'গৃহদাহ' উপন্যাসের নামকরণ পর্যালোচনা করো।

১৬

অথবা

'গৃহদাহ' উপন্যাসের অচলা চরিত্রের ভূমিকা পর্যালোচনা করো।

৩। আঞ্চলিক উপন্যাস হিসেবে 'পদ্মা নদীর মাঝি' উপন্যাসটির সার্থকতা বিচার করো।

১৬

অথবা

হোসেন মিঞা চরিত্রের গুরুত্ব বিচার করো।

৪। 'হয়তো' গল্পের নামকরণের সার্থকতা দেখাও।

১৮

অথবা

'সাগর সঙ্গম' গল্পে গীতিকাব্যের লক্ষণগুলি কীভাবে ধরা পড়েছে তা বিশ্লেষণ করে দেখাও।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

৫। 'সীতার বনবাস' আখ্যানে সীতা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

১৬

অথবা

'সীতার বনবাস' অবলম্বনে লেখকের গদ্যশৈলীর বৈশিষ্ট্যের পরিচয় দাও।

৬। 'কমলাকান্তের দপ্তর' অবলম্বনে হাস্যরসের সৌন্দর্য বিচার করো।

১৬

অথবা

'বিড়াল' প্রবন্ধ অবলম্বনে প্রাবন্ধিকের বক্তব্য পরিবেশন করো।

৭। অনন্যদাশঙ্কর রায়ের নির্বাচিত প্রবন্ধ অবলম্বনে তাঁর গদ্যশৈলীর পরিচয় দাও।

১৮

অথবা

'জীবন শিল্পী রবীন্দ্রনাথ' প্রবন্ধ অবলম্বনে প্রাবন্ধিকের বক্তব্য লেখো।